

জাত পরিচিতি

বি ধান৮২ রোপা আউশ মৌসুমের জাত। বি ধান৮২ এর কোলিক সারি NERICA10-7-PL2-B। বিএডিসি কর্তৃক উগান্ডা থেকে আমদানীকৃত নেরিকা ১০ থেকে বিশুদ্ধ সারি নির্বাচন করে পরবর্তীতে শীষ থেকে সারি পদ্ধতির মাধ্যমে এ জাতটির উন্নতি করা হয়। বির বিভিন্ন আঞ্চলিক কার্যালয় এবং কৃষকের মাঠে ২ বৎসর ফলন পরীক্ষার পর ২০১৭ সালে জাতীয় বীজ বোর্ডের মাঠ মূল্যায়ন দল কর্তৃক কৃষকের মাঠে ফলন পরীক্ষা মূল্যায়ন করা হয়। দেশের বিভিন্ন অঞ্চলে ফলন পরীক্ষায় সন্তোষজনক ফলাফল পাওয়ায় কৃষকের মাঠে রোপা আউশ মৌসুমে চাষাবাদের জন্য জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে জাতটি ছাড়করণ করা হয়।



বি ধান৮২

জাতের বৈশিষ্ট্য

- ▶ বি ধান৮২ এ রোপা আউশ মৌসুমের আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান।
- ▶ গাছের উচ্চতা ১১০ সে: মি:।
- ▶ স্বাভাবিক অবস্থায় গাছে প্রতি গুচ্ছির সংখ্যা ১০-১২ টি।
- ▶ এ জাতের ডিগ্রিপাতা সামান্য হেলানো এবং ধানের শিষঙ্গলো উপরে থাকে।
- ▶ ১০০০টি ধানের ওজন ২৩.৮ গ্রাম। দানায় অ্যামাইলোজের পরিমাণ শতকরা ২৭.০ ভাগ।
- ▶ দানায় প্রোটিনের পরিমাণ শতকরা ৭.৬ ভাগ। দানার আকৃতি মাঝারি মোটা এবং ভাত বারবারে

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

বি ধান৮২ স্বল্প জীবনকালীন জাত। জীবনকাল স্বল্প হওয়ায় রোপা আউশ মৌসুমে এ ধান আবাদ করার পর আমন ধান আবাদের সুযোগ তৈরী হবে এবং এই ধান আবাদে পানি সাম্রাজ্য হবে।

জীবনকাল

জাতটির জীবন কাল ১০০-১০৫ দিন।

ফলন

উপযুক্ত পরিচর্যা ও অনুকূল পরিবেশে সর্বোচ্চ ৮.৫-৫-৫ টন/হেক্টের ফলন দিতে সক্ষম।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ বপনের সময় : বীজ বপনের উপযুক্ত সময় ১ - ১৫ এপ্রিল ৮ চৈত্র-২ বৈশাখ।
২. চারার বয়স ও সংখ্যা : ১৫-২০ দিনের চারা প্রতি গুচ্ছিতে ২/৩টি।
৩. রোপন দুরত্ব : ২০×১৫ সেমি
৪. চাষের উপযুক্ত জমি : মাঝারি উচু থেকে উচু জমি এ ধান চাষের জন্য উপযুক্ত।

৫. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা) :

৫.১ ইউরিয়া টিএসপি এমপি জিপসাম দস্তা (জিংক সালফেট)

২০	৭	১০	৫	০.৭
----	---	----	---	-----

৫.২ সর্বশেষ জমি চাষের সময় এক তৃতীয়াংশ ইউরিয়া সার, সবটুকু টিএসপি, অর্ধেক এমপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করা উচিত। ইউরিয়া সার সমান দুই কিস্তিতে যথা রোপনের ১০-১৫ দিন পর ১ম কিস্ত এবং জমির উর্বরতা দেখে ২৫-৩০ দিন পর ২য় কিস্ত প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমনি দ্বিতীয় কিস্ত ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

৬. আগাছা দমন :

চারা রোপণের পর অন্তত ৩০-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
 ৭. রোগ বালাই ও পোকামাকড় দমন : বি ধান৮২ এ রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে অনুমোদিত বালাই দমন ব্যবস্থাপনা অনুসরণ করতে হবে।
 ৮. ফসল কাটা : ধান কাটার উপযুক্ত সময় হলো ২ শ্রাবণ-১৮ শ্রাবণের মধ্যে (১৮ জুলাই- ২ আগস্ট)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), বি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@brri.gov.bd

অধিবেশন ২ : মডিউল ২
 ফ্যাক্ট শীট